# HINDCON CHEMICALS LIMITED

62B, Braunfeld Row, VASHUDHA, Kolkata-700 027
Tel.:+91 33 2449 0835 / 39, Fax :+91 33 2449 0849
email : contactus@hindcon.com, Website : www.hindcon.com
CIN : L24117WB1998PLC087800, GSTN : 19AAACH8021M1ZE
UDYOG AADHAR NUMBER : WB08B0002474


**28.06.2021**

**The Secretary,**
**National Stock Exchange of India Ltd,**
**Exchange Plazza, C-1, Block 'G',**
**Bandra-Kurla Complex, Bandra (FE),**
**Mumbai - 400 051**

**Ref: Symbol- HINDCON**

Dear Sir(s),

**Re: Audited Financial Results (Standalone & Consolidated) - Newspaper Publication**

In continuation to our letter dated 26th June, 2021, inter alia, with regard to submission of Audited Standalone & Consolidated Financial Results for of the Company for the half and year ended on 31st March, 2021, please find enclosed copy of the advertisement published in the newspapers viz. Duranta Barta (Bengali edition) and Financial Express (All Edition) in English on 28th June, 2021. Scanned copies of the above are enclosed herewith.

This is for your information and record.

Thanking You,

Yours faithfully,

**For Hindcon Chemicals Limited**

Jaya Bajpai

HINDCON CHEMICALS LTD.

**Jaya Bajpai**
**Company Secretary**

**Encl: As Above**

## পুকুরে ডুবে মৃত্যু

দুরন্ত বার্তা, মালদা, ২৭ জুন ঃ খেলতে গিয়ে বেসামাল হয়ে বাড়ির পাশে পুকুরের গভীর জলে পড়ে মৃত্যু হল দুই শিশুর। রবিবার দুপুরে মর্মান্তিক ঘটনাটি ঘটেছে চাঁচল থানার ক্ষেমপুর গ্রাম পঞ্চায়েতের মালাহার গ্রামে। স্থানীয় বাসিন্দারা বিষয়টি জানতে পেরে পরিবারের লোকেদের খবর দেয়। এরপর গোটা গ্রামজুড়ে শোরগোল পড়ে যায়। বিষয়টি জানতে ঘটনাস্থলে আসেন মালতিপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক রহিম বক্সী। তিনি মৃত দুই শিশুর পরিবারকে সমবেদনা জানান। পুলিশ ওই দুই শিশুর দেহ উদ্ধার করার পর ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজের মর্গে পাঠানোর ব্যবস্থা করে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃত দুই শিশুর নাম অভিজিৎ ভুঁইয়া (৩) ও সোম ঠাকুর (৪)। অভিজিতের বাবা বিপুল ভুঁইয়া ও সোমের বাবা শ্যাম ঠাকুর পেশায় কৃষিজীবী। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বিপুলবাবু ও শ্যামবাবুর বাড়ি পাশাপাশি। এদিন সকালে অভিজিৎ ও সোম বাড়ির সামনেই খেলছিল। সেই সময় দুর্ঘটনাবশত তারা পাশের জলাশয়ে পড়ে যায়। সেই সময় বিষয়টি কারও নজরে আসেনি। পরে স্থানীয়রা ওই পুকুরে একটি বাচ্চার দেহ ভাসতে দেখেন। দেখা যায়, সেই দেহটি সোমের। খানিক পর ভেসে ওঠে অভিজিতের দেহও। এরপরেই শোরগোল পড়ে যায় গোটা গ্রামজুড়ে। ঘটনায় তাদের উদ্ধর করে স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষনা করেন। বিধায়ক রহিম বক্সী বলেন, ঘটনাটি খুবই দুঃখজনক। খবর পেয়েই গ্রামে ছুটে এসেছি। মৃত দুই শিশুকে তিনি অভিভাবকদের কাছে ফিরিয়ে দিতে পারবেন না সেটা ঠিক। তবে ওই দুটি পরিবারের পাশে রয়েছেন তিনি। দুটি পরিবারকেই যাবতীয় সাহায্য করা হবে। পুলিশ জানিয়েছে, বাড়ির সামনে খেলা করার সময় বেসামাল হয়ে পুকুরের গভীর জলে পড়ে যায় ওই দুই শিশু। ঘটনার সময় আশেপাশে কেউ ছিল না। পরে গ্রামবাসীরা ওই দুই শিশুর দেহ ভাসতে দেখে। তারপরে এলাকাজুড়ে শোরগোল পড়ে যায়।

## ঝুলন্ত মৃতদেহ

দুরন্ত বার্তা, চালসা, ২৭ জুন ঃ জলপাইগুড়ির মেটেলি ব্লকের বড়োদীঘি চা বাগানে নিজের বাড়িতেই ঝুলন্ত অবস্থায় এক ব্যক্তির মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল এলাকায়। রবিবার সকালে ঘটনাটি ঘটে। জানা গেছে, মৃত ব্যক্তির নাম মহেশ মাঝি(৩৫)। বাগানের পাহাড়িয়া লাইনের বাসিন্দা ছিলেন তিনি। এদিন বাড়ির লোকজন ওই ব্যক্তির দেহ নিজের ঘরে ঝুলন্ত অবস্থায় দেখতে পায়। খবর দেওয়া হয় মেটেলি থানায়। পুলিশ এসে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি সদর হাসপাতালে পাঠানো হয়। ঘটনার তদন্ত শুরু করেছে মেটেলি থানার পুলিশ। তবে পরিবারের পক্ষ থেকে কারোর বিরুদ্ধে পুলিশের কাছে লিখিত অভিযোগ জানানো হয়নি বলে জানা গেছে পুলিশের পক্ষ থেকে।

# অতিবৃষ্টির ফলে সাফল্য পাবে নদীয়া জেলার কৃষি অর্থনীতি

দুরন্ত বার্তা, নদীয়া, ২৭জুন ঃ টানা কয়েকদিনের অতিবৃষ্টিতে নদীয়ার বেশিরভাগ পাট চাষের জমিতে জল জমেছে। এতে চাষের ক্ষতির আশঙ্কা করছেন চাষিরা। যদিও অতিবৃষ্টির কারণেই জেলার কৃষি অর্থনীতি ঘুরে দাঁড়াবে বলে আশাবাদী কৃষি বিশেষজ্ঞরা। তাঁরা বলেন, জমিতে জল জমায় পাট গাছের বৃদ্ধি না হওয়ার আশঙ্কা রয়েছে। তবে এতে পাটের গুণগত মান ভালো হবে। ফলে আগেভাগেই এবার পাট পচিয়ে দ্রুত বাজারমুখী করা যাবে। ফলে অন্যান্য বছরের তুলনায় বেশি দাম পাবেন চাষিরা। অন্যদিকে আউশ ও আমন ধান চাষেও অতিবৃষ্টি কৃষকদের মুখে হাসি ফুটিয়েছে। ইতিমধ্যেই জেলায় প্রায় আট হাজার হেক্টর জমিতে আউশ ধান রোয়া হয়েছে। যদিও অতিবৃষ্টিতে সব্জি চাষে ক্ষতির আশঙ্কা রয়েছে। জেলার সহ কৃষি অধিকর্তা (তথ্য ) অনিরুদ্ধ দত্ত বলেন, অতিবৃষ্টির কারণে পাট চাষের জমিতে জল জমেছে। ফলে গাছের বৃদ্ধি না হলেও আশঙ্কার কিছু নেই। কারণ গাছের গোড়ায় জল জমার কারণে পাটের গুণগত মান ভালো হবে। তাছাড়া পাট জাঁক দেওয়ার জন্য চাষিদের বিকল্প জলাশয় কিংবা জলের চিন্তা দূর হয়েছে। তাছাড়া পাট কেটে জলা জায়গায় নিয়ে যাওয়ার খরচও এবার কমবে। জেলা কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, এবছর জেলায় প্রায় ৯৫ হাজার হেক্টর জমিতে পাট চাষ হয়েছে। সাধারণত চাষের প্রায় ১২০দিন পর পাট কাটা হয়। তারপর সপ্তাহ খানেক ওই জমিতেই পাতা ঝরানোর জন্য গাছ ফেলে রাখা হয়। পরে তা জলা জমিতে জাঁক দেওয়া হয়। কিন্তু এবছর প্রায় ২১দিন আগেই পাট কাটতে শুরু করেছেন। জানা গিয়েছে, দেশের ৪০ লক্ষের বেশি চাষির রুটিরুজি নির্ভর করে পাট চাষের উপর। তাছাড়া নদিয়া, মুর্শিদাবাদ, হুগলি, উত্তর ২৪ পরগনা সহ বিভিন্ন জেলায় পাট হয়। দেশের ৮০ শতাংশ পাট উৎপাদন হয় পশ্চিমবঙ্গে। পরিসংখ্যানের নিরিখে বিশ্বের উৎপাদিত পাটের ৫০ শতাংশই উৎপাদন হয় এরাজ্যে। করোনা ভাইরাসের প্রকোপে দীর্ঘ কয়েক মাস কড়া বিধি নিষেধ চলছে। ভিন রাজ্যে লকডাউনের জেরে হাজার হাজার পরিযায়ী শ্রমিক ফিরে এসেছেন। তাঁদের অনেকেই বিকল্প কাজে যুক্ত হতে পারেননি। ফলে অনেকেই চাষের কাজে অংশ নিয়েছেন। নদীয়ার শান্তিপুরের কৃষ্ণ কালীতলার যুবক অরিজিৎ পাল বলেন, বাবার সঙ্গে এবারই প্রথম কয়েক বিঘা জমিতে পাট চাষ করছি। ফলন ভালোই হয়েছে। জমিতে জল জমে রয়েছে। তাই পাট কেটে এখানেই জাঁক দিচ্ছি। একই বক্তব্য ধানতলা, রানাঘাট প্রভৃতি এলাকার পাটচাষিদের। কৃষি দপ্তরের কর্তাদের দাবি, পরিযায়ী শ্রমিকরা বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে কৃষিকাজে অংশ নিয়েছেন। সেই কারণে এবার জেলায় অব্যবহৃত বেশকিছু জমিতেও পাট ও ধান চাষ হয়েছে। তাই কৃষির মাধ্যমেই জেলার অর্থনীতি ঘুরে দাঁড়ানোর সম্ভাবনা রয়েছে।

## নদীতে তলিয়ে মৃত্যু বাঁকুড়ায়



দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২৭ জুন ঃ সেতুর কাজ বন্ধ অচিরেই। ঝুকিপূর্ণ পারাপারে জেরে প্রাণ গেল এক ব্যক্তির। ভাইয়ের ডুবে যাওয়া সাইকেল উদ্ধার করতে গিয়ে নির্মীয়মান সেতুর কাছে নদীতে তলিয়ে গেল দাদা। মর্মান্তিক ঘটনাটি ঘটেছে বাঁকুড়ার মেজিয়া থানার কাদাঘাটি সেতুর কাছে। স্থানীয় সূত্রে জানা যায় জলে নিখোঁজ হয়ে পড়া ব্যক্তির নাম অশোক চ্যাটার্জী। বাড়ি স্থানীয় কানসারা গ্রামে। তল্লাশির জন্য তলব করা হয় বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীদের। দীর্ঘক্ষণ ধরে স্পিডবোট নামিয়ে খোঁজাখুঁজির পর অবশেষে উদ্ধার করা গেল মৃত ব্যক্তির দেহ। স্থানীয় সূত্রে জানা গেছে কাদাঘাটি নদীর উপর একটি সেতু থাকলেও বছর তিনেক আগে বর্ষায় সেতুটি ভেঙে যায়। চলতি বছর সেই সেতু পুনরায় নির্মাণের কাজ শুরু হলেও নানা টালবাহানায় সেই সেতু তৈরির কাজ এখন থমকে। অগত্যা সেতুর পাশ দিয়ে নদী গর্ভ দিয়েও যাতায়াত করতে বাধ্য হন এলাকার মানুষ। সেই নদীগর্ভ দিয়ে নদী পেরিয়ে কানসারা গ্রামে নিজের বাড়ি থেকে অন্যান্য দিনের মতো গতকাল সাইকেলে করে দুর্লভপুরের একটি বেসরকারি স্কুলে শিক্ষকতার কাজে যান স্থানীয় বাসিন্দা ফাল্গুনী চ্যাটার্জী। স্কুলের কাজ সেরে বাড়ি ফেরার পথে কাদাঘাটি এলাকায় নদী পেরোনোর সময় আচমকাই জলে তলিয়ে যায় তার সাইকেল। কোনক্রমে প্রাণে বাঁচেন বেসরকারি স্কুলের শিক্ষক ফাল্গুনী চ্যাটার্জী। বাড়িতে গিয়ে বিষয়টি জানালে রবিবার সকালে নদীর জলে তলিয়ে যাওয়া সাইকেল উদ্ধার করতে যান দাদা অশোক চ্যাটার্জী। কাদাঘাটি সেতুর কাছে নদীতে নেমে সাইকেল খোঁজার সময় আচমকাই পা পিছলে গভীর জলে পড়ে যান অশোক চ্যাটার্জী। এরপর চেষ্টা করেও তিনি আর ডাঙায় উঠতে পারেননি। খবর পেয়ে স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে পৌঁছে নদীগর্ভে তল্লাশি শুরু করে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় মেজিয়া থানার পুলিশ। পাশাপাশি তলব করা হয় ডিজাস্টার ম্যানেজমেন্টের উদ্ধারকারী দলকে। দীর্ঘক্ষণ ধরে খোঁজাখুঁজির পর অবশেষে উদ্ধার হয় গেল মৃত ব্যক্তির দেহ। মৃতদেহটিকে উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বাঁকুড়া সম্মেলনী মেডিকেল কলেজে পাঠানো হয়। ঘটনায় রীতিমতো এলাকাজুড়ে শোকের ছায়া।

## গেটে আটকে গিয়ে গাড়িতেই প্রসব মহিলার

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৭ জুন ঃ দীর্ঘক্ষন রেলগেটে আটকে থাকার কারণেই গাড়িতেই প্রসব করলেন এক মহিলা। ঘটনাটি ঘটেছে পূর্ব বর্ধমানের বর্ধমান-১ ব্লকের তালিত রেলগেটে। স্থানীয় বাসিন্দাদের তৎপরতায় তড়িঘড়ি রেলগেট খোলানো হয়। তারপরই প্রসূতিকে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো যায়। বর্তমানে শিশুটি সুস্থ থাকলেও পর্যবেক্ষনের মধ্যে রাখা হয়েছে এবং মা সুস্থ আছে বলে হাসপাতাল সূত্রে খবর। স্থানীয় বাসিন্দা কার্তিক ভট্টাচার্যের অভিযোগ, বর্ধমান থেকে বীরভূম যাওয়া এনএইচ-২বি রাস্তাটি খুবই ব্যস্ততম। ব্যস্ত রাস্তার উপর রয়েছে তালিত রেলগেট, যা দিনের বেশির ভাগ সময় বন্ধ থাকে। তাতেই দীর্ঘক্ষন অপেক্ষা করতে হয় যাত্রী থেকে রোগীকে। এই রেলগেটের উপর উড়ালপুল তৈরী হলে যাতায়াতের খুব সুবিধা হবে, আর অপেক্ষা করতে হবে না দীর্ঘক্ষন। কেন্দ্রের রেল দপ্তর বা রাজ্যে সরকার এই বিষয়ে পদক্ষেপ নেয় তার আহ্বান জানাচ্ছেন স্থানীয়রা। বর্ধমান উত্তরের বিধায়ক নিশীথ মালিক জানান, এই ঘটনায় তিনি মর্মাহত। তালিত রেলগেটের জন্য নাজেহাল হচ্ছে নিত্যযাত্রী থেকে রোগী। তালিত রেলগেটের উপর উড়ালপুল তৈরী, স্থানীয় বাসিন্দাদের দীর্ঘদিনের দাবী ছিল বলে জানান তিনি। খুবই তাড়াতাড়ি সেই দাবী মিটতে চলেছে, তৈরী হবে তালিতে উড়ালপুল। তার জন্য যাবতীয় কাগজপত্রের পাশাপাশি উড়ালপুলের জন্য মাটি পরীক্ষা সম্পূর্ণ হয়েগেছে বলে জানান বিধায়ক। পরিবার সূত্রে জানা গেছে, প্রসূতি মন্দিরা দাস বর্ধমান-১ ব্লকের অন্তর্গত বাঘাড়-১ পিলখুড়ি গ্রামের বাসিন্দা। রবিবার সকালে মন্দিরার প্রসব যন্ত্রণা উঠলে তাকে নিয়ে পরিবারের সদস্যরা তড়িঘড়ি বর্ধমান মেডিকেল হাসপাতালের উদ্দেশ্য রওনা দেয়। যাওয়ার পথে বর্ধমান-সিউড়ি রোডের উপর তালিত রেলগেটে আটকে পড়েন দীর্ঘক্ষন। এতেই ঘটে বিপত্তি। দীর্ঘক্ষণ আটকে থাকার ফলে প্রসব যন্ত্রণায় ছটফট করে গাড়িতেই প্রসব করেন মন্দিরাদেবী। বর্তমানে মা ও শিশু দু'জনেই সুস্থ আছেন বলে জানা গেছে।

## বিজেপি বিধায়কের বাড়ির বাইরে বিক্ষোভ


দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৭ জুন ঃ বিজেপির বাংলা ভাগ ইস্যু নিয়ে ফের উত্তপ্ত হল রাজ্য। রবিবার সকালে ডাবগ্রাম-ফুলবাড়ি বিধানসভা কেন্দ্রের বিজেপি বিধায়ক শিখা চট্টোপাধ্যায়ের বাড়ির সামনে বিক্ষোভ অবস্থানে বসে ডাবগ্রাম-ফুলবাড়ি বিধানসভার ২ নম্বর ডাবগ্রামের যুব তৃণমূল কংগ্রেস। এদিন সকাল থেকে বিধায়কের বাড়ির সামনে স্লোগান ওঠে বাংলা ভাগের বিরুদ্ধে। তৃণমূলের দাবি, আজকে শান্তিপূর্ণ অবস্থান বিক্ষোভ চলছে আগামীতে বড় বিক্ষোভে সামিল হবে তৃণমূল। অপরদিকে এই ঘটনার পাল্টা প্রসঙ্গে শিখা চট্টোপাধ্যায় জানান, বিক্ষোভে আমাদের বসার কথা। বিভিন্ন রকম সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত উত্তরবঙ্গের মানুষ। জমি মাফিয়া থেকে বোল্ডার মাফিয়ার স্বর্গ রাজ্য ডাবগ্রাম-ফুলবাড়ি বিধানসভা কেন্দ্র। কাজেই আগামী দিনে বিক্ষোভ অবস্থান বা আন্দোলনের পথে হাঁটবে বিজেপি। তবে আজকের বিক্ষোভকে তেমন আমল দিলেন না বিধায়ক। সাফ জানান, একশ দিনের কাজ করা কয়েকজন কর্মীকে নিয়ে দুজন তৃণমূলের লোক বসে ছিলেন বিক্ষোভে। কোন নেতা বা কর্মীরা নয়। তাদের সঙ্গে বাক্য ব্যয় করা বৃথা, এমনটাই মত শিখা চট্টোপাধ্যায়ের। পাশাপাশি তিনি আরও জানান, বাংলা ভাগের কথা বিজেপি কখনই বলেনি। তবে পরিষেবার দিক থেকে যে উত্তরবঙ্গের মানুষ বঞ্চিত সেই জায়গায় দাঁড়িয়ে কেন্দ্রের হস্তক্ষেপ প্রয়োজন আছে। এক কথায় কেন্দ্র শাসিত রাজ্যের ইঙ্গিত দিলেন ডাবগ্রাম-ফুলবাড়ি বিধায়ক শিখা চট্টোপাধ্যায়। বিক্ষোভের পাল্টা বিক্ষোভ চলে এলাকায়। অবশেষে ঘটনাস্থলে পৌঁছায় আশিঘরের পুলিশ। এরপর বিক্ষোভকারীদের উঠিয়ে পরিস্থিতি স্বাভাবিক করে পুলিশ।

# পরিস্রুত পানীয় জল পেতে আন্দোলনের হুমকি



দুরন্ত বার্তা, মালদা, ২৭ জুন ঃ দীর্ঘ দুই দশক ধরে গ্রামে নেই পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা। যার ফলে অনেককেই বাড়ি থেকে এক কিলোমিটার দূরে গিয়ে পানীয় জল সংগ্রহ করেন। আবার অনেকে যাতায়াতের সমস্যায় আশেপাশে এলাকার পুকুর, ডোবার দূষিত জল পান করেন। পানীয় জলের সমস্যা নিয়ে সাহাপুর গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের বিরুদ্ধে ক্ষোভ ছড়িয়েছে মাধাইপুর এলাকার সবুজপাড়া গ্রামের শতাধিক বাসিন্দাদের মধ্যে। ওই গ্রামের বাসিন্দাদের অভিযোগ, ভোটের সময় বিভিন্ন দলের নেতারা এসে পানীয় জলের সমস্যা দূর করতে নানান প্রতিশ্রুতি দিয়ে যান। কিন্তু ভোট পেরিয়ে যাওয়ার পর আর কারো দেখা পাওয়া যায় না। গত দুই বছর ধরে এই পরিস্থিতি চলছে। সংশ্লিষ্ট পঞ্চায়েত কর্তৃপক্ষকে জানিয়ে কোনো লাভ হয় নি। এখন পানীয় জল পাওয়ার দাবিতে সংশ্লিষ্ট গ্রামের রাজ্য সড়ক অবরোধের চিন্তাভাবনা করছেন গ্রামবাসীরা। পুরাতন মালদা ব্লকের সাহাপুর গ্রাম পঞ্চায়েতের মাধাইপুর এলাকায় অবস্থিত সবুজপাড়া গ্রামটি। সেখানে প্রায় দেড়শ পরিবারের বসবাস। এই গ্রামে দীর্ঘদিন আগে একটি নলকূপের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু রক্ষণাবেক্ষণের অভাবে সেই নলকূপ বিকল হয়ে রয়েছে। গ্রামের এক থেকে দুই কিলোমিটার দূরে বাসিন্দাদের যেতে হয় পরিস্রুত পানীয় জল আনতে। কেউ কেউ আবার আশেপাশে এলাকার পুকুর-ডোবার বদ্ধ জল ব্যবহার করেন। করোনা সংক্রমনের মধ্যে পানীয় জলের সমস্যায় দূষিত জল ব্যবহার করে অনেকেই পেটের রোগে এবং চর্মরোগে আক্রান্ত হচ্ছেন। এনিয়ে গ্রামবাসীদের মধ্যে তীব্র অসন্তোষ তৈরি হয়েছে। সবুজপাড়া গ্রামের বাসিন্দা ফরিদা বিবি, জহুরুল আলমদের বক্তব্য, ভোট যখন আসে তখন গ্রামে নেতাদের প্রতিশ্রুতি দেওয়ার হিড়িক পড়ে যায়। গত দুই দশকের মধ্যে যতবার নির্বাচন হয়েছে, ততবার বিভিন্ন দলের নেতারা এসে পানীয় জলের সমস্যা সমাধানের প্রতিশ্রুতি দিয়ে গিয়েছেন। কিন্তু তারপরও কোনো কাজ হয় নি। স্থানীয় পঞ্চায়েত সদস্য থেকে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ, সকলকে গ্রামের পানীয় জলের সমস্যা কথা জানানো হয়েছিল। কিন্তু এব্যাপারে কেউ কোনো হেলদোল দেখায় নি। তাই এবার আন্দোলনের চিন্তাভাবনা শুরু করা হয়েছে। ওই গ্রামের একাংশ বাসিন্দাদের অভিযোগ, শিশু থেকে বৃদ্ধ অনেকেই আশেপাশের পুকুর-ডোবার দূষিত জল ব্যবহার করছে। এরফলে অনেকেই নানান রোগে আক্রান্ত হতে হচ্ছে। সকলের দাবি গ্রামের পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা করে দিক পঞ্চায়েত এবং প্রশাসন। সাহাপুর গ্রাম পঞ্চায়েত প্রধান উকিল মন্ডল জানিয়েছেন, এরকমটা হওয়ার কথা নয়। ওই গ্রামে পানীয় জলের সমস্যার বিষয়ে সংশ্লিষ্ট এলাকার গ্রাম পঞ্চায়েত সদস্য আমাকে কিছু জানায় নি। তবে বিষয়টি শুনলাম। এই গ্রামে পানীয় জলের দ্রুত সমাধানের উদ্যোগ নেওয়া হচ্ছে।

# কেএলও'র হুমকি পোস্টার উদ্ধার উত্তর দিনাজপুরে




দুরন্ত বার্তা, চোপড়া, ২৭ জুন ঃ উত্তরবঙ্গের কোচবিহার জলপাইগুড়ি জেলার পর এবার উত্তর দিনাজপুর জেলাতেও নিষিদ্ধ জঙ্গী গোষ্ঠী কেএলও'র হুমকি বার্তাকে ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। চোপড়া ভূমিপুত্র রাজবংশীদের উপর টিএমসির অত্যাচার বন্ধ না হয় তাহলে আমরা আছি (কেএলও) এমনই পোস্টারে ছয়লাপ হয়ে গিয়েছে চোপড়া ব্লকের বিস্তীর্ণ এলাকা। তৃণমূল কংগ্রেস দ্বারা রাজবংশীরা অত্যাচারিত হচ্ছে, এটা বন্ধ না হলে রাজবংশীদের পাশে দাঁড়াবে কামতাপুর লিবারেশন অর্গানাইজেশন এমনই হুঁশিয়ারি দিয়ে পোস্টার লাগানো হয়েছে চোপড়া ব্লকের মাঝিয়ালি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায়। উত্তর দিনাজপুর জেলাতেও নিষিদ্ধ জঙ্গী সংগঠন কেএলও'র অস্তিত্ব এখন পুলিশ-প্রশাসনের উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। রবিবার সকালেই ঘুম থেকে উঠেই চোখের সামনে কেএলও'র তৃণমূল কংগ্রেসকে হুঁশিয়ারি দিয়ে লেখা পোস্টার দেখে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে উত্তর দিনাজপুর জেলার চোপড়া ব্লকের মাঝিয়ালি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন গ্রামের বাসিন্দাদের মধ্যে। যাত্রী প্রতীক্ষালয় থেকে শুরু করে রাস্তার পাশে দেওয়ালে কিংবা সেতুর রেলিং সহ বিভিন্ন এলাকায় যেখানে জনসমাগম ঘটে থাকে সেইসব এলাকাতে অত্যাচারিত রাজবংশী সম্প্রদায়ের মানুষের পাশে দাঁড়ানো এবং তৃণমূল নেতা-কর্মীদের অত্যাচার বন্ধের কথা বলা হয়েছে। ২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর থেকে বিভিন্ন জায়গায় রাজবংশীদের উপর অত্যাচারের অভিযোগ তুলে তারই প্রতিবাদ জানিয়ে এই পোস্টার লাগানো হয়েছে বলে মনে করছেন চোপড়া ব্লকের সাধারন মানুষ। কিন্তু কে বা কারা এই কামতাপুর লিবারেশন অর্গানাইজেশন- এর নামে হাতে লেখা পোস্টারগুলি লাগিয়েছে তার খোঁজ মেলেনি। তবে এই পোস্টারকে ঘিরে এলাকায় ব্যাপক আতঙ্ক ও চাঞ্চল্য ছড়িয়েছে। অত্যন্ত তৎপরতার সাথে এবং গুরুত্ব সহকারে বিষয়টির তদন্ত শুরু করেছে চোপড়া থানার পুলিশ।

## বাঁশ বাগানে মা-ছেলের দেহ উদ্ধার



দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২৭ জুন ঃ রবিবার সকালে একটি বাঁশ বাগানের মধ্যে থেকে মা ও তার সন্তানের ঝুলন্ত দেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য ছড়াল মুর্শিদাবাদের রানিতলা থানার দেবাইপুর গ্রামে। এদিন সকালে কিছু গ্রামবাসী যখন কাজে যাচ্ছিলেন তখন এলাকার বাঁশ বাগানের মধ্যে এক বছরের সন্তানসহ মায়ের ঝুলন্ত দেহ তারা দেখতে পান। মৃতের বাড়ি থেকে অভিযোগ করা হয়েছে দু'জনকেই খুন করে বাঁশ বাগানে ঝুলিয়ে দেওয়া হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে মৃতের নাম সায়রা বিবি (২২) এবং তার ছেলের নাম তৌফিক হোসেন (১)। মৃতের বাবার বাড়ি রানিতলা থানার দাদমাটি গ্রামে। বছর চারেক আগে ইসলামপুর থানার চর পাড়া এলাকার বাসিন্দা পেশায় শ্রমিক সফিকুল শেখের সাথে ভালোবেসে বিয়ে হয় সায়রার। অভিযোগ, বিয়ের কয়েকমাস পর থেকেই স্বামী-স্ত্রীর মধ্যে বিভিন্ন বিষয়ে অশান্তি শুরু হয়। স্বামীর অত্যাচার সহ্য করতে না পেরে গত কয়েকমাস আগে সায়রা শ্বশুরবাড়ি ছেড়ে বাবার বাড়ি চলে আসেন। কিন্তু মাত্র তিনদিন আগে সফিকুল নিজের দুই বন্ধুকে নিয়ে শ্বশুরবাড়িতে এসে স্ত্রীর কাছে ক্ষমা চেয়ে স্ত্রী ও সন্তানকে নিজের বাড়ি ফিরিয়ে নিয়ে যায়। এরই মধ্যে আজ সকালে সায়রা ও তৌফিকের মৃতদেহ উদ্ধারের পর পরিবারের তরফ থেকে সফিকের বিরুদ্ধে খুনের অভিযোগ করা হয়েছে। বাঁশবাগানে ঝুলন্ত দুটি দেহ উদ্ধারের খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় রানিতলা থানার পুলিশ। রানিতলা থানার পুলিশ দেহ দুটি উদ্ধার করে নসিপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে এলে তাদের মৃত বলে ঘোষণা করা হয়। পুলিশ মৃতদেহ দুটি ময়নাতদন্তের জন্য লালবাগ মহকুমা হাসপাতালে পাঠিয়েছে। জেলা পুলিশের এক আধিকারিক জানান, এখনও আমরা মৃতের পরিবারের তরফে কোন লিখিত অভিযোগ পাইনি। তবে অভিযুক্ত যুবক বর্তমানে পলাতক। সায়রার মা বলেন, বিয়ের পর থেকেই মেয়ে ও জামাইয়ের মধ্যে অশান্তি লেগে থাকত। গত পরশু রাতে জামাই তাঁর দুই বন্ধুকে সঙ্গে করে নিয়ে এসে মেয়েকে বাড়ি থেকে নিয়ে যায়। আমাদের বাড়ি থেকে মেয়ের শ্বশুরবাড়ির দূরত্ব চার থেকে পাঁচ কিলোমিটার। তার মাঝামাঝি দেবাইপুরে বাঁশ বাগান থেকে মেয়ে ও নাতির ঝুলন্ত দেহ উদ্ধার হয়।


## হিন্দকোন কেমিক্যালস লিমিটেড

CIN NO : L24117WB1998PLC087800

রেজি অফিস ঃ ৬২/ বি, ব্রাউনফিল্ড রো, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০২৭

ফোন নং. ০৩৩-২৪৪৯-০৮৩৯, ফ্যাক্স নং. ঃ ০৩৩-২২৪৯ ০৮৪৯

E-mail : contactus@hindcon.com, Website : www.hindcon.com

নিরীক্ষিত একত্রীকরণ আর্থিক ফলাফল বিবরণী

বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২১

(লক্ষ টাকায়)

| | বিবরণ | বছর থেকে তারিখ অর্ধ বর্ষ সমাপ্তে ৩১.০৩.২০২১ | পূর্বেকার অর্ধ বর্ষ সমাপ্তে ৩০.০৯.২০২০ | বছর সমাপ্তে ৩১.০৩.২০২১ |
|---|---|---|---|---|
| | | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| ১ | মোট আয় কারবার থেকে | ২,৬৪৩.৮৫ | ১,৭৯৪.৮১ | ৪,৪৩৮.৬৬ |
| ২ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে, অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেমে #) | ৩১৩.৮৭ | ৩২৪.৮৯ | ৬৩৮.৭৬ |
| ৩ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে , অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর #) | ৩১৩.৮৭ | ৩২৪.৮৯ | ৬৩৮.৭৬ |
| ৪ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর, অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর #) | ২৩০.৬২ | ২২১.৫৯ | ৪৫২.২১ |
| ৫ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৭৬৭.২০ | ৭৬৭.২০ | ৭৬৭.২০ |
| ৬ | সংরক্ষণ ( উত্থাপিত সংরক্ষণ সহ ) | ২,৮৪৯.৯৮ | ২,৬১৯.৩৬ | ২,৮৪৯.৮৯ |
| ৭ | শেয়ার প্রতি আয় (১০ টাকা প্রতি) (গননা এবং অগননা আয়ে) | | | |
| | মূল | ৩.০০ | ২.৮৯ | ৫.৮৯ |
| | মিশ্র | ৩.০০ | ২.৮৯ | ৫.৮৯ |

# কোম্পানির কোন অতিরিক্ত এবং আসাধারণ আইটেম নেই

স্বতন্ত্র আর্থিক ফলাফলের উল্লেখযোগ্য বিষয় — লক্ষ টাকায়

| | বিবরণ | বছর থেকে তারিখ অর্ধ বর্ষ সমাপ্তে ৩১.০৩.২০২১ | পূর্বেকার অর্ধ বর্ষ সমাপ্তে ৩০.০৯.২০২০ | বছর সমাপ্তে ৩১.০৩.২০২০ |
|---|---|---|---|---|
| | | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| ১ | মোট আয় কারবার থেকে | ২,৬৪৩.৮৫ | ১,৭৯৪.৮১ | ৪,৪৩৮.৬৬ |
| ২ | করের পূর্বে লাভ চলতি আয়ে | ২৯৯.২১ | ৩১৮.৭৩ | ৬১৭.৯৪ |
| ৩ | করের পরে লাভ চলতি আয়ে | ২১৭.৭৩ | ২২৩.৯১ | ৪৪১.৬৪ |

দ্রষ্টব্য ঃ

১. উপরোক্ত সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফলাফলের নিরীক্ষিত আর্থিক ফলাফল কোম্পানির অর্ধ বর্ষ এবং বর্ষ সমাপ্তে ফলাফলের যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ অনুসারে। বিস্তারিত ফরম্যাট অর্ধ বর্ষ সমাপ্তে এবং বর্ষ সমাপ্তে আর্থিক ফলাফল পাওয়া যাবে এনএসই ওয়েবসাইটে- www.nseindia.com এবং কোম্পানির ওয়েবসাইটে www.hindcon.com।

বোর্ডের আদেশানুসারে
হিন্দকোন কেমিক্যালস লিমিটেড
সঞ্জয় গোয়েঙ্কা
চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর
DIN : 00848190

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৬.০৬.২০২১



## KOLKATA MUNICIPAL CORPORATION - TENDER

Name of the Department : **Engineering (Civil), Br.-XIV;** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), Br.-XIV;** Name of the work & location; Estimated Amount (Incl. GST & CESS); Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Development of U/G Sewer at A.V.L. Road near Prem. No.17, 37/A, 41 etc. (Slum area) in Ward No. 132; ₹ 2,97,716.03; (2) Renovation of passage at B.S. Road bye lane near 83/3, B.S. Road in Ward No. 130; ₹ 1,91,436.66; 06.07.2021 on 12.00 noon / 1.00 p.m.(For Sl. No. 1 & 2);** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1 & 2).**

Name of the Department : **Engineering (Civil), Br.-XI;** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), Br.-XI;** Name of the work & location; Estimated Amount (Incl. GST & CESS); Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Improvement of road by provinding CC at Naskar Para Road in Ward No. 112; ₹ 2,62,290.68; (2) Maintenance of road at various places viz: Naskar Para, Postal Park etc. providing hot mix in Ward No. 112; ₹ 3,88,836.36; (3) Improvement of road provinding CC at Naskar Para bye Lane (Bustee area) in Ward No. 112; ₹ 1,89,512.40; (4) Maintenance of sewer line at Faguar Math Road bye Lane (Bustee area) in Ward No. 112; ₹ 4,05,442.54; (5) Imrovement of Road providing Kerb & Channel with hot mix at Faguar Math Road bye Lane (Bustee area) in Ward No. 112; ₹ 3,83,152.75; 08.07.2021 on 12.00 noon / 2.00 p.m.(For Sl. No. 1 to 5);** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1 to 5).**

Name of the Department : **Lighting/Zone-I;** Tender invited & to be received by : **Ex. Engineer(Elec.)/Ltg/Z-I;** Name of the work & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Repairing work of KMC Feeder Pillar Box, Lifting of Piller Box and service cable at different roads & lanes in Ward No. 31; ₹ 1,85,571.34; (2) Repairing work of KMC Feeder Pillar Box, Lifting of Piller Box and service cable at different roads & lanes in Ward No. 32; ₹ 1,86,403.58; 09.07.2021 on 1.30 p.m. / 2.00 p.m.(For Sl. No. 1 & 2).;** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1 & 2).**

Name of the Department : **Lighting/Zone-II;** Tender invited & to be received by : **Ex. Engineer(Elec.)/Ltg/Z-II;** Name of the work & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Repairing & Lifting of Piller Boxes due to water logging in Ward No. 21 under Br.-IV; ₹ 1,83,573.88; 09.07.2021 on 12.00 noon. / 2.00 p.m. (2) Supply & delivery of LED St. light fittings at Set Bagan Ln., Jogen Dutta Ln. & other places in Ward No. 26 under Br.-IV; ₹ 1,98,616/-; 08.07.2021 on 12.00 noon. / 2.00 p.m.;** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1 & 2).**

Name of the Department : **Lighting/Zone-III;** Tender invited & to be received by : **Ex. Engineer(Elec.)/Ltg/Z-III;** Name of the work & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Painting of street light poles at Syed Amir Ali Avenue, Darga Road & Seven Point surrounding area in Ward No. 64, Br.-VII; ₹ 1,97,972.12; 05.07.2021 on 12.30 p.m. / 2.00 p.m. (2) Installation of lighting system at vulnerable streets at Convent Lane, Back Side Slaughter House near Kulia Tangra Bridge, Kamardanga Railway Quarters Zone, Seal Lane and Guripara near Mosque under Entally PS in Kolkata under Safe City (Women Safety Project); ₹ 4,94,852/-; 09.07.2021 on 12.00 noon / 2.00 p.m. (3) Supply & delivary of LED Street Light fittings at Atalsur Road, Dhapa Road & surrounding area in Ward No. 58, Br.-VII; ₹ 1,94,342/-; (4) Repairing and lifting of Feeder Piller Box at Samsul Huda Street, Bright Street, Mayfair Street etc. area in Ward No. 65, Br.-VII; ₹ 1,73,981.19; (5) Repairing and lifting of Feeder Piller Box at Taljala Lane, Sreedhar Roy Road, Topsia Road & surrounding area in Ward No. 66, Br.-VII; ₹ 1,74,030.68; 08.07.2021 on 12.30 p.m. / 2.00 p.m.(For Sl. No. 3 to 5).; (6) Supply & delivary of LED fittings at Syed Amir Ali Avenue and Seven Points in Ward No. 64, Br.-VII; ₹ 198,616/-; 10.07.2021 on 12.30 p.m. / 2.00 p.m.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1 to 6).**

Name of the Department : **Lighting/Br.-XV;** Tender invited & to be received by : **Ex. Engineer(Elec.)/Br.-XV;** Name of the work & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **Electrical Emergency Gang to overcome disaster / unusual situation of electrical installation viz: Street lights in Roads/Lanes & Institutions under Br.-XV; ₹ 1,58,961.38; 06.07.2021 on 1.00 p.m. / 1.30 p.m.;** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department : **Water Supply (Central);** Tender invited & to be received by : **Executive Engineer (Central);** Name of the work & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Restoration of FW Supply by replacing worn and damaged 300mm dia reserve main from B/81/H/5, Beliaghata Main Road to 83/1 Beliaghata Main Road in Ward No. 33; ₹ 4,97,179.11; 15.07.2021 on 11.00 a.m. / 11.30 a.m. (2) Necessary diversion of 150mm Dia F.W. Main to facilitate drainage line at 34, Muraripukur Road in Ward No.14; ₹ 3,87,518.82; 14.07.2021 on 11.00 a.m. / 11.30 a.m.;** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1& 2).**

Name of the Department : **Water Supply, TPS;** Tender invited & to be received by : **Executive Engineer (TPS);** Name of the work & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Replacement of Exhaust Fans, Starters in different Stations of TPS; Quotation; (2) Installation of LED light fittings for illumination during non supply hours at TPS; Quotation; 20.07.2021 on 12.00 noon / 12.30 p.m.(For Sl. No. 1 & 2).; (3) Replacement of Micom Relays in HT Motor feeder switch boards at TPS; Quotation; (4) Supply, delivary and installation of Industrial Wall Fans and ML 2 Star Delta Starters for Priming Pumps at TPS; Quotation; 22.07.2021 on 12.00 noon / 12.30 p.m.(For Sl. No. 3 & 4).;** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1& 2).** **154/21-22**